



পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

Rural Development Academy (RDA), Bogura  
Rural Development & Cooperative Division  
Ministry of Local Government, Rural Development & Cooperatives



ওয়েব: www.rda.gov.bd, ই-মেইল: dg@rda.gov.bd, টেলিফোন (পিএক্সিএক্স): +৮৮-০৫১-৫১০০১/৭৮৬০২, মোবাইল: ০১৭১৩২০০৯৩৭

পত্র নং-৪৭.৬৪.১০৮৮.০১৪.১১.০৭৭.২০. ২২২৮

তারিখঃ ২৫ পৌষ, ১৪২৭  
৩০ ডিসেম্বর, ২০২০

### নিয়োগ বিজ্ঞপ্তি


পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া'র নিম্নে বর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	সহকারী পরিচালক টাকা ২২০০০-৫৩০৬০/- (গ্রেড- ৯)	০৮(আট)টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে প্রথম শ্রেণি/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ'তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ'তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী। কৃষি/উদ্যানতত্ত্ব, সিভিল ইঞ্জিনিয়ারিং, ফার্ম মেশিনারিজ, প্রাণিসম্পদ/ পশুপালন, মাৎস্য বিজ্ঞান, ডেভেলপমেন্ট স্টাডিজ, পরিসংখ্যান ও ফুড ইঞ্জিনিয়ারিং বিষয়ে ডিগ্রিধারীকে অগ্রাধিকার প্রদান করা হবে।
২।	ফটোগ্রাফার টাকা ১০২০০-২৪৬৮০/- (গ্রেড- ১৪)	০১ (এক)টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৩।	প্রাধ্বার টাকা ১০২০০-২৪৬৮০/- (গ্রেড- ১৪)	০১ (এক)টি	(ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে ট্রেড কোর্স উত্তীর্ণ; এবং (গ) প্রাধ্বিৎ কাজে ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৪।	গাড়ীচালক টাকা ৯৩০০-২২৪৯০/- (গ্রেড- ১৬)	০১ (এক)টি	(ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) বৈধ ড্রাইভিং লাইসেন্স এর অধিকারী হতে হবে। অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯ ডিসেম্বর ২০১৪ তারিখে স্মারক নং-০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ পরিপত্রে উল্লিখিত চাকরির আবেদনের মডেল ফরম অনুযায়ী মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া বরাবরে আবেদন করতে হবে যা আরডিএ'র ওয়েবসাইট www.rda.gov.bd এ পাওয়া যাবে। আবেদন আগামী ৩১/০১/২০২১ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে তাঁর কার্যালয়ে পৌঁছাতে হবে।

#### শর্তাবলীঃ

- আবেদনকারীকে মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র অনুকূলে পরীক্ষার ফি বাবদ ১নং ক্রমিকের পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ২নং থেকে ৪নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকার পোস্টাল অর্ডার (অফেরৎযোগ্য) সংযুক্ত করতে হবে।
- খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। স্বাক্ষর বিহীন, অস্পষ্ট, অসম্পূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- গ) আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি (পার্শ্ব ছবি গ্রহণযোগ্য হবে না) সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের সাথে কোন সনদপত্র সংযোজনের প্রয়োজন নেই। তবে মৌখিক পরীক্ষার সময় সকল সনদ পত্রের এক সেট সত্যায়িত ফটোকপিসহ মূল কপি সঙ্গে আনতে হবে।
- ঘ) আবেদনকারীর বয়স ২৫ মার্চ, ২০২০ তারিখে ন্যূনতম ১৮ (আঠার) বছর এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ঙ) ২নং থেকে ৪নং ক্রমিকের পদের প্রার্থী নির্বাচনকালে সরকারের প্রচলিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
- চ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী হলে প্রার্থীকে তার পিতা/মাতা/দাদা-দাদি/নানা-নানীর মুক্তিযোদ্ধা প্রমাণের জন্য মুক্তিযোদ্ধা সনদপত্রের অনুলিপি, গেজেটের সংশ্লিষ্টাংশের ফটোকপি ও মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র/উপযুক্ত সনদসহ পিতা/মাতার জাতীয় পরিচয় পত্রের কপি প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।
- ছ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিজ নিজ প্রতিষ্ঠানের অনাপত্তি সনদের মূল কপি অবশ্যই দাখিল করতে হবে।
- জ) লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ঝ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা রাখেন।
- ঞ) এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/প্রত্যাহারের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ট) নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।



(খলিল আহমদ)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া